

## রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় বিস্কন্ধ কর্মচারীদের প্রশাসনিক ভবনে তালা : উপাচার্য অবরুদ্ধ

জেলা বাতী পরিবেশক, রংপুর

চাকরি স্থায়ীকরণ এবং বকেয়া মাসিক বেতন পরিশোধের দাবিতে গতকাল রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে তার কক্ষে অবরুদ্ধ করে প্রশাসনিক ভবনে তালা খুলিয়ে দিয়েছে সব তরফের কর্মকর্তা কর্মচারীরা। এর কারণে গতকাল সকাল থেকে প্রশাসনিক দফতরে সব ধরনের কার্যক্রম বন্ধ হয়ে যায়। এদিকে নতুন্য ৬টার দিকে উপাচার্য অধ্যাপক নুরউন নবীকে তার কক্ষে অবরুদ্ধ করে দাবি কর্মকর্তা কর্মচারীরা। এছাড়া চাকরি হানাদে আশঙ্কায় উপাচার্যের কক্ষে বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা প্রহরী শাহীন বেগ জ্ঞান হারিয়ে ফেললে তাকে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। জানা যায়, গতকাল বেলা ১১টার দিকে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সব কর্মকর্তা

বিস্কন্ধ : পৃষ্ঠা : ২ ক : ৫

### বিস্কন্ধ : কর্মচারীদের (১৬ পৃষ্ঠার পর)

কর্মচারী তাদের দায়িত্বের কাজ বন্ধ করে দিয়ে প্রশাসনিক ভবনের প্রধান চটকে তালা খুলিয়ে দেয় এবং সেখানে অবস্থান নিয়ে বিক্ষোভ শুরু করে। এ সময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নুরউন নবী তার চেম্বারেই অবস্থান করছিলেন। তাদের দাবি বিশ্ববিদ্যালয়ের ৩৩১ জন কর্মকর্তা কর্মচারী দীর্ঘদিন ধরে কাজ করে আসলেও তাদের চাকরি এখনও স্থায়ীকরণ করা হয়নি। শুধু তাই নয় ৩ মাস ধরে তাদের মাসিক বেতন প্রদান না করায় পরিবার পরিজন নিয়ে অন্যতরে অর্ধহার দিন কাটাতে হচ্ছে। তারা অভিযোগ করেন, তাদের চাকরি স্থায়ীকরণ না করে উপরে ৩৩১ জন কর্মকর্তা কর্মচারীকে ছুটাই করে নতুন করে নিয়োগ দেয়ার চক্রান্ত চলছে। এর মাধ্যমে নিয়োগ বারিষ্ঠা করে কেউ কেউ টাকা হাতিয়ে নেয়ার স্বপ্ন শুরু করেছে বিশ্ববিদ্যালয়ের কর্তা ব্যক্তিত্ব। ৩৩ জনের মধ্যে দাবি মানা না হলে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট শুরু করা হবে, আর এর নয় দায়িত্ব উপাচার্যকেই নিতে হবে বলে জানান তারা। এরপর কর্মকর্তা কর্মচারীরা মিছিল নিয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে আবারও প্রশাসনিক ভবনের সামনে অবস্থান নিয়ে বিক্ষোভ করতে থাকে। দুপুর পর্যন্ত উপাচার্য তার চেম্বারে অবস্থান করার তিনি অবরুদ্ধ হয়ে পড়েন। পরে কর্মকর্তা কর্মচারীরা তাদের দাবির যৌক্তিকতা তুলে ধরে তাদের চাকরি স্থায়ীকরণের দাবিতে অটল থাকেন। সন্ধ্যা ৬টা পর্যন্ত উপাচার্য তার কক্ষে অবরুদ্ধ থাকেন। তিনি তাদের দাবি বিবেচনা করা হবে বলে জানালেও তাদের চাকরি স্থায়ীকরণের ব্যাপারে কোন আশ্বাস না দেয়ায় কর্মকর্তা কর্মচারীরা ক্ষোভে ফেটে পড়েন। এ সময় উত্তেজিত হয়ে পড়লে নিরাপত্তা প্রহরী শাহীন বেগ জ্ঞান হারিয়ে উপাচার্যের কক্ষেই মেয়েতে লুটিয়ে পড়লে তাকে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। এদিকে গোলাবাজার আশঙ্কায় ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে।